দৈনিক ইত্তেফাক
23
তারিখ DEC. 2 1 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

## বাংলাদেশ গ্রন্থাগার সমিতি সমীপে।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে আগামী ২৪শে ডিসেম্বর ঢাকাসহ ঢাকার বাহিরে আরও ছয়টি কেন্দ্রে একযোগে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করিয়াছে। উক্ত কোর্সে আবেদনকারী অনেক ছাত্র-ছাত্রী চলতি বৎসরের ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে। গত ১৩ই ডিসেম্বর বিরোধী দলের আহূত দেশব্যাপী ৬-৩টা হরতালের কারণে ঐদিনের নির্ধারিত সমাজকল্যাণ দ্বিতীয়পত্রের পরীক্ষা স্থগিত করিয়া উহা আগামী ২৪শে ডিসেম্বর শুক্রবার সকাল নয়টায় গ্রহণ করার ব্যবস্থা নেওয়া হইয়াছে। একই তারিখে ডিগ্রী পরীক্ষা এবং সার্টিফিকেট কোর্সের ভর্তি পরীক্ষা পড়িয়া যাওয়ায় যে সমস্ত ছাত্র-ছাত্রী ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে, তাহারা ভর্তি পরীক্ষাটিতে অংশগ্রহণ করিতে পারিতেছে না। এমতাবস্থায় বাংলাদেশ গ্রন্থাগার সমিতির কাছে বিনীত আবেদন এই যে, ২৪শে ডিসেম্বরের ভর্তি পরীক্ষা অন্য কোনদিন (যে দিন ডিগ্রী পরীক্ষা নাই) গ্রহণ করার ব্যবস্থা নেওয়া হউক। তাহা হইলে ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীবৃন্দ যাহারা সার্টিফিকেট কোর্সে ভর্তি হওয়ার জন্য ফরম জমা দিয়াছে, তাহারাও অংশগ্রহণ করিতে পারিবে।

মোঃ মাকবুল হক শিশির,
বনানী ৩৩/১১ কেডি উপকেন্দ্র,
রোড-১, ব্লক আই, বনানী, ঢাকা-১২১৩